

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, অক্টোবর ১৭, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ৩০ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৫ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৩৬৮-আইন/২০২৬।—বিদ্যুৎ আইন, ২০১৮ (২০১৮ সনের ৭ নং আইন) এর ধারা ৫৯, ধারা ৩১ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড বিধিমালা, ২০২২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিল এর পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা:—

“তফসিল

[বিধি ১০, বিধি ১৪(৩) ও (৪), বিধি ১৬(১), বিধি ১৭(১)(ঘ), (৩) ও (৪) এবং বিধি ১৮ দ্রষ্টব্য]

ইলেকট্রিশিয়ান, বৈদ্যুতিক সুপারভাইজার ও বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স এর জন্য প্রযোজ্য ফি এর তালিকা

ক্রমিক নং	বিষয়	শ্রেণি	ইলেকট্রিশিয়ান লাইসেন্স ফি (টাকা)	বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স ফি (টাকা)	বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স ফি (টাকা)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১।	লাইসেন্স আবেদন ফি	সি	২০০	১,০০০	২,০০০
		বি	৩০০	১,৫০০	-
		এ	৫০০	২,০০০	-
		বিসি	৫০০	২,৫০০	৫,০০০
		এবিসি	১,০০০	৪,৫০০	১০,০০০

(২৬২০৯)

মূল্য : টাকা ৪-০০

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
২।	লাইসেন্স নবায়ন ফি	সি	১০০	৭০০	১,২০০
		বিসি	৩০০	১,৩০০	৩,০০০
		এবিসি	৫০০	২,০০০	৬,০০০
৩।	জরিমানা ফি- (ক) ইলেকট্রিশিয়ান ও বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স এর জন্য- নির্ধারিত মেয়াদ অতিক্রান্তের ১ (এক) বৎসরের মধ্যে; এবং (খ) বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স এর জন্য- নির্ধারিত মেয়াদ অতিক্রান্তের ১ (এক) মাসের মধ্যে	সি	১০০	২০০	৫০০
		বিসি	১৫০	৩০০	৭৫০
		এবিসি	২০০	৫০০	১,০০০
৪।	জরিমানা ফি- (ক) ইলেকট্রিশিয়ান ও বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স এর জন্য- নির্ধারিত মেয়াদ অতিক্রান্তের ১ (এক) বৎসর অতিক্রান্ত হইলে; এবং (খ) বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স এর জন্য- নির্ধারিত মেয়াদের পর ১ (এক) মাস অতিক্রান্ত হইলে	সি	২০০	১,০০০	২,০০০
		বিসি	৫০০	২,৫০০	৫,০০০
		এবিসি	১,০০০	৪,৫০০	১০,০০০
৫।	স্মার্ট কার্ড লাইসেন্স ফি	-	১,০০০	১,০০০	১,০০০
৬।	সেন্টার ফি/টেস্টিং ফি	প্রতি শ্রেণি	৪০০	৫০০	৮০০
৭।	তথ্য সংশোধন ফি	-	৫০০	৫০০	-
৮।	মালিকানা, ঠিকানা ও কোম্পানির অন্যান্য পরিবর্তন ফি	-	-	-	১০,০০০

নোট:

- (১) এই তফসিলে উল্লিখিত ফি ‘কর-বহির্ভূত রাজস্ব (Non-Tax Revenue)’ হিসাবে ট্রেজারি চালান বা অনলাইনে এ-চালানের মাধ্যমে সরকার কর্তৃক, সময়ে সময়ে, নির্ধারিত কোডে পরিশোধ করিতে হইবে।
 - (২) নোট (১) এ যাহা কিছুই থাকুক না কেন, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড বিধিমালা, ২০২২ এর বিধি ১০ এ বর্ণিত সেন্টার ফি এবং বিধি ১৬(১) এ বর্ণিত যন্ত্রপাতি টেস্টিং ফি নগদ বা মোবাইল ব্যাংকিং বা ব্যাংকের মাধ্যমে পরিশোধ করিতে হইবে।
 - (৩) নোট (২) এর বিধান সাপেক্ষে, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড বিধিমালা, ২০২২ এর অধীন কোনো লাইসেন্সধারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ট্রেজারি চালান বা অনলাইনে এ-চালানের মাধ্যমে তফসিলে উল্লিখিত ফি জমা প্রদানপূর্বক চালানের মূল কপিসহ প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডে অনলাইনে আবেদন করিতে হইবে।
 - (৪) প্রধান বিদ্যুৎ পরিদর্শক, সময়ে সময়ে, এই তফসিলে উল্লিখিত ফি প্রাপ্তির বিষয়ে সরকারকে অবহিত করিবে।”।
- ২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সোনিয়া বিনতে তাবিব

উপসচিব।